

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়  
স্থানীয় সরকার বিভাগ  
(জেলা পরিষদ শাখা)

স্মারক নং-স্থাসবি/ জেপশা/বিবিধ-১/২০০৪/ ৪২২৬


তারিখঃ ০২/১২/২০১১ খ্রিস্টাব্দ।

বিষয় : জেলা পরিষদের মাধ্যমে গাড়ী চালক প্রশিক্ষণ কার্যক্রম গ্রহণ।

উপর্যুক্ত বিষয়ের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, দেশে প্রশিক্ষণপ্রাপ্ত গাড়ী চালকের ঘাটতি থাকায় এবং সাম্প্রতিক সময়ে সংঘটিত কিছু মর্মান্তিক সড়ক দুর্ঘটনার প্রেক্ষিতে জেলা পরিষদসূহের মাধ্যমে অভিজ্ঞ গাড়ী চালক তৈরীর লক্ষ্যে বিআরটিএ/বিআরটিসি এর ড্রাইভিং প্রশিক্ষণ কর্মসূচির অনুরূপ প্রশিক্ষণ কার্যক্রম গ্রহণের জন্য স্থানীয় সরকার বিভাগ উদ্যোগ গ্রহণ করেছে। এ জন্য ইতোমধ্যেই জেলা পরিষদসমূহকে প্রয়োজনীয় নির্দেশনা দেয়া হয়েছে (কপি সংযুক্ত)।

০২। জেলা পরিষদে গাড়ী চালক প্রশিক্ষণ কার্যক্রম চালু হলে অভিজ্ঞ ড্রাইভার তৈরী হবে এবং দেশে বিদেশে তাদের চাকরির সুযোগ সৃষ্টি হবে। এতে মধ্যবিত্ত, নিম্নবিত্ত ও দরিদ্র পরিবারের বেকার শিক্ষিত/অর্ধ শিক্ষিত যুবক/যুবতীদের কর্মসংস্থানের সুযোগ তৈরী হবে এবং দেশে সড়ক দুর্ঘটনার হার কমবে বলে আশা করা যায়। জেলা পরিষদের একক প্রচেষ্টায় এ কার্যক্রম পরিচালনা করা কষ্টসাধ্য। তবে বিআরটিএ এবং বিআরটিসির জেলা পর্যায়ের দপ্তরগুলোর আন্তরিক এবং কার্যকর সহায়তা পেলে এ প্রশিক্ষণ কার্যক্রমটি সাফল্যজনকভাবে সম্পন্ন করা সম্ভবপর হবে।

০৩। এমতাবস্থায়, দেশে অভিজ্ঞ গাড়ী চালক তৈরীর লক্ষ্যে জেলা পরিষদের মাধ্যমে প্রশিক্ষণ কার্যক্রম পরিচালনার উদ্দেশ্যে বিআরটিএ ও বিআরটিসির জেলা পর্যায়ের দপ্তরসমূহকে প্রয়োজনীয় নির্দেশনা প্রদানসহ উল্লিখিত প্রশিক্ষণ কার্যক্রম পরিচালনার জন্য একটি কোর্স মডিউল প্রস্তুত করে দেয়ার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

  
০২/১২/১১  
(জুবাইদা নাসরীন)  
সিনিয়র সহকারী সচিব  
ফোনঃ ৭১৬৯২৭৪

চেয়ারম্যান  
বিআরটিএ/বিআরটিসি

অনুলিপি :

- ১। সচিব, সড়ক বিভাগ, যোগাযোগ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ২। কমিশনার, ঢাকা/চট্টগ্রাম/রাজশাহী/খুলনা/বরিশাল/সিলেট/রংপুর বিভাগ।
- ৩। সচিবের একান্ত সচিব, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ৪। কম্পিউটার প্রোগ্রামার, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

622

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়  
স্থানীয় সরকার বিভাগ  
( জেলা পরিষদ শাখা )

স্মারক নং-স্থাসবি/ জেপশা/বিবিধ-১/২০০৭(অংশ-১)/৬০৭৩


তারিখঃ ৬০/১১/২০১১ খ্রিস্টাব্দ।

বিষয় : জেলা পরিষদের মাধ্যমে গাড়ী চালক প্রশিক্ষণ কার্যক্রম গ্রহণ সংক্রান্ত।

উপর্যুক্ত বিষয়ের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, দেশে গাড়ী চালকদের ড্রাইভিং প্রশিক্ষণ দেয়ার/নেয়ার সুযোগ খুবই সীমিত। যানবাহন সংখ্যার অনুপাতে প্রশিক্ষণপ্রাপ্ত চালকের প্রচণ্ড ঘাটতি রয়েছে। সাম্প্রতিক সময়ে সংঘটিত কিছু মর্মান্তিক সড়ক দুর্ঘটনা জাতীয় জীবনে ব্যাপকভাবে নাড়া দিয়েছে। সব মহল থেকেই গাড়ী চালকদের উপযুক্ত প্রশিক্ষণ প্রদানের উপর জোর দেয়া হয়েছে। জেলা পরিষদ আত্মকর্মসংস্থান, দারিদ্র বিমোচন ও জীবনমান উন্নয়নের জন্য প্রশিক্ষণ কার্যক্রম গ্রহণ করে থাকে।

০২। জেলা পরিষদে গাড়ী চালক প্রশিক্ষণ কার্যক্রম চালানো হলে অভিজ্ঞ ড্রাইভার তৈরী হবে এবং দেশে বিদেশে তাদের চাকরির সুযোগ সৃষ্টি হবে। এতে মধ্যবিত্ত, নিম্নবিত্ত ও দরিদ্র পরিবারের বেকার শিক্ষিত/অর্ধ শিক্ষিত যুবক/যুবতীদের কর্মসংস্থানের সুযোগ তৈরী হবে এবং দেশে সড়ক দুর্ঘটনার হার কমবে।

০৩। এমতাবস্থায়, জেলা পরিষদের রাজস্ব খাতের আওতায় বিআরটিএ এর ড্রাইভিং প্রশিক্ষণ কর্মসূচির অনুরূপ প্রতি বছর অন্তত ৪টি ব্যাচে প্রশিক্ষণ কার্যক্রম গ্রহণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

  
৬০/১১/১১  
(জুবাইদা নাসরীন)  
সিনিয়র সহকারী সচিব  
ফোনঃ ৭১৬৯২৭৪

প্রধান নির্বাহী কর্মকর্তা  
জেলা পরিষদ, -----(সকল)।

অনুলিপি :

- ১। কমিশনার, ঢাকা/চট্টগ্রাম/রাজশাহী/খুলনা/বরিশাল/সিলেট/রংপুর বিভাগ।
- ২। সচিবের একান্ত সচিব, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ৩। কম্পিউটার প্রোগ্রামার, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।